**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি মজবুত শিক্ষা ব্যবস্থার ভিত্তি স্থাপন করছে।**

**(২) রাজ্যে আজ থেকে বিমানবন্দর, রেলওয়ে স্টেশনে অ্যাপ-ভিত্তিক অনলাইন ক্যাব পরিষেবা চালু হয়েছে।**

**(৩) ভারত ও বেলজিয়াম আজ বিভিন্ন ক্ষেত্রে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর করেছে।**

**(৪) ইসরো জানিয়েছে, ইওএস-০৫ ভূ-পর্যবেক্ষণ উপগ্রহটি আগামীকাল উৎক্ষেপণ করা হবে।**

*************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি অন্তর্ভুক্তিমূলক, দক্ষতাভিত্তিক এবং ভবিষ্যৎ উপযোগী শিক্ষা ব্যবস্থার ভিত্তি স্থাপন করছে। আজ আগরতলার টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং, আগরতলা আয়োজিত 'শিক্ষক সম্মান-২০২৬' অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, এই শিক্ষানীতির লক্ষ্য ভারতীয় মূল্যবোধ ও ঐতিহ্যের ভিত্তিতে এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা, যা সমাজকে একটি সত্যনিষ্ঠ ও সঠিক জ্ঞানের অধিকারী হিসেবে গড়ে তুলবে। রাজ্যপাল আরো বলেন, রাজ্যের সাক্ষরতার হার ৯৫.৬ শতাংশে পৌঁছেছে, যা জাতীয় শিক্ষানীতি ২০২০-এ নির্ধারিত লক্ষ্যমাত্রার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং, আগরতলার অধ্যক্ষ এবং টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক দিবাকর দেব।

*****************************

**NF Railway :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে নিউ হারাঙ্গাজাও স্টেশনের ২ ও ৩ নম্বর রেললাইনের মেরামত কাজ সফলভাবে সম্পন্ন করেছে। সংস্কার কাজ শেষ হওয়ায় এই লাইনগুলির মাধ্যমে ট্রেন চলাচল ধীরে ধীরে স্বাভাবিক করা হচ্ছে। নিউ হারাঙ্গাজাও স্টেশনের কাছে ১ নম্বর লাইনের মেরামতের কাজও অগ্রাধিকারের ভিত্তিতে এগিয়ে চলছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, ১৫৬৫০ নারেঙ্গি-আগরতলা এক্সপ্রেস আগামীকাল নারেঙ্গি থেকে সন্ধ্যা সাড়ে ছয়টায় আগরতলার উদ্দেশ্যে রওনা হবে।

********************************

**SIR :**

রাজ্যে ভোটার তালিকাকে আরও নির্ভুল ও স্বচ্ছ করে তুলতে আগামী ৫ই সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে বিশেষ নিবিড় ভোটার তালিকা সংশোধন প্রক্রিয়া বা এস.আই.আর। এই প্রক্রিয়াতে বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের তথ্য যাচাই করা হবে। ভোটার তালিকায় মৃত, স্থানান্তরিত বা একাধিকবার থাকা ব্যক্তিদের নাম চিহ্নিত করার পাশাপাশি, যোগ্য কোনও ভোটারের নাম বাদ পড়েছে কি না, তাও যাচাই করা হবে। সুষ্ঠ ও নির্ভুল ভোটার তালিকা তৈরির এই গুরুত্বপূর্ণ প্রক্রিয়ায় সকল ভোটারকে সক্রিয়ভাবে অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক ও সমাহর্তা অসিত কুমার দাস।

######Byte-Asit Kumar Das######

এই বিষয়ে আরো বিস্তারিত আলোচনা শোনা যাবে আগামী শনিবার রাত ৮টা বেজে ৩০ মিনিটে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনামূলক অনুষ্ঠান আজকের প্রসঙ্গতে।

*******************************

**SIR– Sepahijala :**

সিপাহিজলা জেলার জেলাশাসক ড: সিদ্ধার্থ শিব জয়সওয়াল আজ সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, সিপাহীজলা জেলাতেও ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর জন্য প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে ১৪ই অক্টোবর পর্যন্ত বি.এল.ও-রা বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের তথ্য সংগ্রহ করবেন। জেলায় মোট ভোটার রয়েছে ৪ লক্ষ ১৫ হাজার ১৬৯ জন। তিনি জানান, ভোটাররা প্রয়োজনে ১৯৫০ টোল ফ্রি নম্বরে BLO-দের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

*********************************

**Online CAB Service :**

এম বি বি বিমানবন্দর, আগরতলা ও যোগেন্দ্রনগর রেলওয়ে স্টেশনে আজ থেকে অ্যাপ-ভিত্তিক অনলাইন ক্যাব ও অটো পরিষেবা চালু হয়েছে। পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী এই পরিষেবার সূচনা করেন। এ উপলক্ষ্যে এম বি বি বিমানবন্দরে আয়োজিত অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী শ্রী চৌধুরী বলেন, প্রতিদিন প্রায় ৪ হাজার ৫০০ জন যাত্রী এম.বি.বি. বিমানবন্দরে, প্রায় ১০ হাজার যাত্রী আগরতলা রেলস্টেশনে ও প্রায় ৬ হাজার যাত্রী যোগেন্দ্রনগর রেল স্টেশনে যাতায়াত করেন। এই পরিষেবা চালুর ফলে বিমানবন্দর ও রেলস্টেশন থেকে যাত্রী ও পর্যটকদের যাতায়াত আরও সহজ ও সুবিধাজনক হবে।

*****************************

**Janmastami :**

আগামীকাল জন্মাষ্টমী। রাজ্যে জন্মাষ্টমী ব্রত উৎসব পালনে নানা দেবালয় ও ঘরে ঘরে প্রস্তুতি চলছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, শ্রী কৃষ্ণ মন্দিরে বিশেষ পূজা পাঠের আয়োজন করা হয়েছে।

***************************

**Health Camp–Baikhora :**

জন্মাষ্টমী উপলক্ষে আজ ইসকনের উদ্যোগে বাইখোড়া জগন্নাথ মন্দিরে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৩২০ জনের বেশি রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়। জানিয়েছেন বাইখোড়া ইসকনের প্রধান পরিচালক করুনেশ্বর মাধব দাস ব্রহ্মচারী।

**************************

**Nomination–South :**

ভিলেজ কমিটির ভোটে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ দক্ষিণ জেলার বকাফা,ভারতচন্দ্র নগর, পোয়াংবাড়ি, রুপাইছড়ি ও ঋষ্যমুখ ব্লকে সিপিআইএম–এর মোট ৬৬ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন। জানিয়েছেন বিধায়ক দীপংকর সেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ–আই–আর–নিউজ–এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ–অন–এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

ভারত ও বেলজিয়াম আজ প্রতিরক্ষা সহযোগিতা বিষয়ক নবীকরণযোগ্য শক্তি, সাইবার অপরাধ ও কূটনৈতিক প্রশিক্ষণের ক্ষেত্রে সমঝোতা স্মারক সহ বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করেন ও স্বাক্ষরিত চুক্তি পত্র নিজেদের মধ্যে বিনিময় করেন। উভয় নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়েও আলোচনা করেছেন।

বেলজিয়ামের প্রধানমন্ত্রী সঙ্গে আজ এক যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, বিশ্বের অনেক অংশে সংঘাতপূর্ণ পরিস্থিতি বিরাজ করছে। এরফলে খাদ্য, জ্বালানি বা সরবরাহ শৃঙ্খল-সব ক্ষেত্রেই অনিশ্চয়তা প্রভাব ফেলছে। এই প্রতিকূল পরিবেশেও ভারতের অর্থনীতি তার গতি বজায় রেখেছে। গত তিন মাসে দেশের জিডিপি-র হার বেড়ে দাঁড়িয়েছে ৭.৮ শতাংশ।

######Byte-PM######

**************************

**YABA Seizure in Joint Operation :**

নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো ও পুলিশ আজ যৌথ অভিযান চালিয়ে দক্ষিণ জেলার জোলাইবাড়ির ঠাকুরছড়া এলাকায় একটি পাথর বোঝাই লরি থেকে প্রায় ৮০ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করে। যার আনুমানিক বাজার মূল্য প্রায় ৩ কোটি টাকা। এই ঘটনায় ৩ জনকে আটক করা হয়েছে। NDPS Act-এ তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। দক্ষিণ জেলা পুলিশ সুপারের কার্যালয় থেকে এখবর জানানো হয়েছে।

*****************************

**Meeting–Paschim Tripura Zilla Parishad :**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের এক বৈঠক আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। বৈঠকে চলতি বছরের কাজকর্মের অগ্রগতি ও আগামী অর্থবছরের কাজের রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পৌরহিত্য করেন ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সমস্ত সদস্য সদস্যা, পশ্চিম ত্রিপুরা জেলাশাসক ডাঃ বিশাল কুমার। সভাধিপতি শ্রী শীল জানান, বৈঠকে নেশা মুক্ত ত্রিপুরা–বিকশিত ত্রিপুরা গড়ে তোলার বিষয় নিয়েও আলোচনা হয়।

******************************

**ISRO :**

ইসরোর চেয়ারম্যান ভি. নারায়ণন জানিয়েছেন, ইওএস–০৫ ভূ–পর্যবেক্ষণ উপগ্রহটি আগামীকাল উৎক্ষেপণ করা হবে। শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে জিএসএলভি–এফ১৭ রকেটে করে উপগ্রহটি ভোর ২:৫৫ মিনিটে উৎক্ষেপণের কথা রয়েছে। তিনি বলেন, এই অভিযানটি ভারতের ভূ–পর্যবেক্ষণ সক্ষমতাকে আরও শক্তিশালী করবে এবং ভূ–পর্যবেক্ষণ পরিষেবা প্রদানের মান উন্নত করবে। শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্রে উৎক্ষেপণের জন্য সমস্ত প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

***************************

**Nepal Flood :**

নেপাল–তিব্বতে বিধ্বংসী আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ১ হাজার ২৫০ জনে দাঁড়িয়েছে। প্রবল বৃষ্টি ও ধ্বংসস্তূপের মধ্যেও নেপালের ভোটেকোশী নদী সংলগ্ন সুড়ঙ্গ ও ভূগর্ভস্থ বিদ্যুৎকেন্দ্রে আটকে পড়া ব্যক্তিদের সন্ধানে উদ্ধার অভিযান চলছে। নিখোঁজদের মধ্যে ৫৮৩ জন বিদেশি নাগরিক রয়েছেন। নেপালি সেনাবাহিনী–সহ যৌথ নিরাপত্তা বাহিনী হেলিকপ্টার ও স্থলপথে এ পর্যন্ত ১১ হাজার ৯৯৩ জনকে উদ্ধার করেছে।

তল্লাশি ও উদ্ধার অভিযানে প্রায় ২১ হাজার ৩১৪ জন নিরাপত্তাকর্মী মোতায়েন রয়েছেন।

প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ বলেছেন, জলবায়ু পরিবর্তনের কারণে হিমালয় অঞ্চলে মানুষের ক্রমবর্ধমান ঝুঁকির বিষয়টি বিশ্বের সামনে জোরালোভাবে তুলে ধরতে হবে। এদিকে, তিব্বতের নেপাল সীমান্তবর্তী জিরং কাউন্টিতে আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ২১ হয়েছে এবং এখনও ৫৪১ জন নিখোঁজ রয়েছেন। এশীয় উন্নয়ন ব্যাংক, বিশ্বব্যাংক, ইউরোপীয় ইউনিয়ন ও জাতিসংঘ-সহ আন্তর্জাতিক সংস্থাগুলি সহায়তার আশ্বাস দিয়েছে। পাশাপাশি জলবিদ্যুৎকেন্দ্রগুলিতে উদ্ধারকাজে সহায়তার জন্য ভারত, চীন ও দক্ষিণ কোরিয়ার বিশেষজ্ঞ দল মোতায়েন করা হচ্ছে।

******************************

**First Division Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের আজকের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকেলে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ১-০ গোলে কল্যাণ সমিতিকে পরাজিত করে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৩.৬ মিলিমিটার।

******************************